

## এমিরেটসে ভ্যালেন্টাইনস ডে উদযাপন

- A Monitor Desk Report

Date: 14 February, 2026



দুবাইঃ যাত্রীদের ভালোবাসার আবেগে অনুপ্রাণিত করতে ভ্যালেন্টাইনস ডে ঘিরে বিশেষ আয়োজন করেছে এমিরেটস। যাত্রীদের জন্য রয়েছে ভ্যালেন্টাইন থিম ভিত্তিক কেক ও চকলেট, লাউঞ্জ গোলাপি ডেজার্ট, রোমান্টিক রোজ শ্যাম্পেইন এবং রোমান্টিক সিনেমা ও গানের সমারহ।

### আকাশে ভালোবাসা

১৪ ফেব্রুয়ারি ইকোনমি ও প্রিমিয়াম ইকোনমি শ্রেণির প্রতি যাত্রীকে উপহার হিসেবে দেয়া হচ্ছে রাস্পবেরি চকলেট ব্রাউনি সমেদ একটি মিনি গিফট বক্স। রোমান্টিক পরিবেশ তৈরির লক্ষ্যে ফ্লাইটের ভেতরে সৃষ্টি করা হয়েছে সফট লাল আলোর আবহ। ফার্স্ট ও বিজনেস ক্লাস যাত্রীরা পাচ্ছেন চকলেট ব্রাউনি ও হার্ট আকৃতির রাস্পবেরি গ্যানাশ টার্ট। এ৩৮০ ফ্লাইটের অনবোর্ড লাউঞ্জে পরিবেশন করা হচ্ছে লেমন ও রাস্পবেরি কাপকেক, প্রফিটারোল ও মিনি টার্টসহ নানা মিষ্টান্ন।

ভ্যালেন্টাইনস ডেতে ফার্স্ট ক্লাস যাত্রীদের স্বাগত জানানো হচ্ছে এমিরেটস এক্সক্লুসিভ ও বিরল Dom Pérignon Rosé 2009 দিয়ে। বিজনেস ক্লাসে পরিবেশন করা হচ্ছে মূল্যবান Moët & Chandon Rosé Impérial।

### লাউঞ্জে ভালোবাসা

১৩-১৫ ফেব্রুয়ারি দুবাইয়ের এমিরেটস লাউঞ্জে ফার্স্ট ক্লাস যাত্রীরা উপভোগ করতে পারছেন রাস্পবেরি ভ্যানিলা কেক, পেস্তা-স্ট্রবেরি কেক ও রেড ভেলভেট কেক, সঙ্গে থাকবে Love Potion ও Whispered Hearts-এর মতো বিশেষ পানীয়। বিজনেস ক্লাস যাত্রীদের জন্য থাকছে রেড বেরি কেক, স্ট্রবেরি-পেস্তা টার্ট, রাস্পবেরি শু বা স্ট্রবেরি চিজকেক আইসক্রিম ও রাস্পবেরি-রোজ ড্রিংক।

বিশ্বজুড়ে এমিরেটস লাউঞ্জগুলোতেও রয়েছে ভ্যালেন্টাইন বিশেষ আয়োজন। রোমে হার্ট আকৃতির রাভিওলি, কায়রোতে ভ্যালেন্টাইন কাপকেক এবং শ্রীলঙ্কায় চকলেট-ডুবানো স্ট্রবেরি।

## এমিরেটস ice-এ ভালোবাসা

এমিরেটসের ইনফ্লাইট বিনোদন ব্যবস্থা ice-এর ১০০টিরও বেশি সিনেমা যাত্রীদের নিয়ে যাবে রোমান্টিকতার মোহময় জগতে। পাশাপাশি Spotify-এর Valentine's Day Love Mixtape ও Emirates-এর Romantic Moments প্লেলিস্টে যাত্রীরা উপভোগ করতে পারছেন ভালোবাসা নিয়ে পরিবেশিত অসাধারণ অনেক গান ও মিউজিক।

-N